গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ **জাতির পিতা শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপনের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তর ও সংস্থার কর্মসূচি চূড়ান্তকরণে সভার কার্যবিবরণী।**

সভাপতি : খালিদ মাহ্মুদ চৌধুরী, এমপি
প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ : ৩১-০১-২০২২
সময় : বেলা ৩.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সবাইকে স্বাগত জানান। তিনি স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধায় স্মরণ করে বলেন, ঐতিহাসিক ৭ মার্চের ভাষনে বঙ্গবন্ধু জাতির রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক মুক্তির আহ্বান জানিয়েছিলেন। তাঁর আহ্বানেই জনগণ অসহযোগ আন্দোলন শুরু করে যা স্বাধীনতা আন্দোলনে রূপ নেয় এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়। তাই ঐতিহাসিক ৭ মার্চ এর তাৎপর্য বিবেচনায় দিনটিকে যথাযথ মর্যাদায় পালনের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করতে হবে।

০২। নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব, জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে 'ক' শ্রেণীভূক্ত হিসেবে পালনের ঘোষণা দিয়ে গত ১৫/১০/২০২০ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরিপত্র জারি করা হয়। পরিপত্র অনুযায়ী দিবসটি উদযাপনের উদ্যোক্তা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। উক্ত মন্ত্রণালয় 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য একটি খসড়া জাতীয় কর্মসূচি প্রণয়ন করেছে।

০৩। অত:পর সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: আবদুস ছাত্তার সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং দপ্তর ও সংস্থার প্রধানগণ খসড়া কর্মসূচির উপরে আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নৌপরিবহন মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর ও সংস্থার জন্য নিম্নরূপ কর্মসূচি চূড়ান্ত করা হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ৭ মার্চ ২০২২ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। | মন্ত্রণালয় ও ঢাকায় অবস্থিত দপ্তর ও সংস্থা |
| ২. | ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২২ দিবস উপলক্ষ্যে নির্ধারিত অভিন্ন স্লোগান নৌপরিবহন মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হবে। অভিন্ন স্লোগান উদ্ধৃত করে ব্যানার টানাতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/সকল দপ্তর ও সংস্থা |
| ৩. | ৭ মার্চ, ২০২২ দিবস উপলক্ষে মন্ত্রণালয়ের অধিনস্থ সকল দপ্তর/সংস্থার নিজস্ব ভবনে আলোক সজ্জা করতে হবে। উক্ত আলোকসজ্জায় ৭ই মার্চ ও মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলিত হতে হবে। | সকল দপ্তর সংস্থা |

F:\jeme\রেজুলেশন\০৭ মার্চ.docx

| | | |
|---|---|---|
| ৪. | ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২২ দিবস উপলক্ষ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর হলরুমে আলোচনা সভার আয়োজন করা হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ ও অন্যান্য সংস্থাসমূহ |
| ৫. | ঢাকার চারপাশে ৭ মার্চ ২০২২ তারিখে সুসজ্জিত নৌযানে ৭ই মার্চের ভাষণ বাজানো হবে। | বিআইডব্লিউটিএ |
| ৬. | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে জাতীয় কর্মসূচির আলোকে ৭ই মার্চের দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | সকল দপ্তর ও সংস্থা |
| ৭. | ঐতিহাসিক ৭ই মার্চে প্রদত্ত ভাষণের "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম" বাক্য সম্বলিত ড্রপডাউন ব্যানার যাত্রিসাধারণের দৃষ্টিগোচর করে বিআইডব্লিউটিসি সকল ফেরিতে টানাতে হবে। | বিআইডব্লিউটিসি |
| ৮. | বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজে ঐতিহাসিক ৭ মার্চের প্রদত্ত ভাষণের ইংরেজী অনুবাদ করে দৃশ্যমান অবস্থায় টানাতে হবে। | বিএসসি |
| ৯. | যে সকল দপ্তর-সংস্থার সুযোগ রয়েছে, সে সকল দপ্তর সংস্থা স্মরণিকা প্রকাশের জন্য বা ডকুমেন্টারি প্রস্তুতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ১০. | জাতীয় কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। প্রণীত কর্মসূচির তালিকা আগামী ১৫ ০২-২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সকল দপ্তর ও সংস্থা |

৪। সচিব, জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী বলেন, ৭ই মার্চ, ২০২২ দিবস উপলক্ষ্যে অনুষ্ঠান ও কর্মসূচিসমূহে ঐতিহাসিক ৭ই মার্চের তাৎপর্য ও গুরুত্ব যথাযথভাবে প্রতিফলিত করতে হবে। সভাপতি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ৭ মার্চ, ২০২২ দিবসটি পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব সতর্কতার সাথে মেনে কর্মসূচিসমূহ বাস্তবায়নের অনুরোধ জানান। তিনি সম্ভাব্য ক্ষেত্রে ভার্চুয়াল মাধ্যমে কর্মসূচিসমূহ পালনের নির্দেশনা দেন।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:-
তারিখ: ০৮-০২-২০২২
খালিদ মাহ্মুদ চৌধুরী, এমপি
প্রতিমন্ত্রী

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০১০.২২- ৫০

তারিখঃ ২৬ মাঘ, ১৪২৮.
০৯ ফেব্রুয়ারি, ২০২২

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।

৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।

৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকতা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

০৭/০৩/২০২২

মোসাঃ শুকরিয়া পারভীন
উপসচিব
ফোন ঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd